গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ
www.dnc.mymensinghdiv.gov.bd

বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম যথাযথ মনিটরিং সংক্রান্ত বিভাগীয় মনিটরিং কমিটির ১৫তম সভার কার্যবিবরণী:

সভাপতি : ফারাহ শাম্মী, এনডিসি, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ
সভার স্থান : সম্মেলন কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
তারিখ : ০৯ মার্চ ২০২৬
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব কর্তৃক বিগত ১৪তম সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধন/সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td>সভাপতি বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শনের গুরুত্ব তুলে ধরে পরিদর্শন সম্পর্কিত তথ্য উপস্থাপনের জন্য অতিরিক্ত পরিচালক ও সদস্য সচিবকে অনুরোধ করলে তিনি সভাকে জানান, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক বিভাগীয় মনিটরিং কমিটির সদস্যগণ বিভাগীয় পর্যায়ে এবং জেলা মনিটরিং কমিটির সদস্যগণ জেলা পর্যায়ে অবস্থিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন করে থাকেন। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি কর্তৃক বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করে কেন্দ্র কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হলে কেন্দ্রের চিকিৎসা ব্যবস্থার মানোন্নয়ন হবে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। সভাপতি সকল সদস্যকে আন্তরিকতার সাথে নিরাময় কেন্দ্র পরিদর্শনের জন্য অনুরোধ করেন।</td><td>নিম্নবর্ণিত 'ছক' অনুযায়ী কমিটির সদস্যগণকে নির্ধারিত মাদকাসক্ত নিরাময় কেন্দ্রগুলো পরিদর্শন করে প্রতিবেদন কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
<table>
<tr><th>ক্রম</th><th>নিরাময় কেন্দ্রের লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম ও ঠিকানা</th><th>পরিদর্শনকারী কর্মকর্তার নাম, পদবী</th></tr>
<tr><td>১</td><td>পরিচালক, প্রভাত ফেরী, মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭৬০-২০৬৩৬২।</td><td rowspan="2">বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ</td></tr>
<tr><td>২</td><td>পরিচালক, নিউ ডিএমডিসি, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ৩০৬/৩৭, আমিরাবাদ মাসকান্দা, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১৮-১৬৩১৬১ অথবা ০১৮৪৫৯৭৩৫৪৪।</td></tr>
<tr><td>৩</td><td>নির্বাহী পরিচালক, প্রাপ্তি, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র, সানকিপাড়া, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১৬-৭৩৪৪১৩।</td><td rowspan="2">ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ</td></tr>
<tr><td>৪</td><td>পরিচালক, সাদ, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ৬০/ক/৩, গণশার মোড, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৮৪৬-৪৯২৩৪৬</td></tr>
<tr><td>৫</td><td>পরিচালক, উইনার, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চরপাড়া, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১২-১৬৮৫৬৩।</td><td rowspan="3">জেলা প্রশাসক, ময়মনসিংহ</td></tr>
<tr><td>৬</td><td>নির্বাহী পরিচালক, ঠাই, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ১১০ সেহড়া ডিবি রোড, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭৮৯-১৩০১৪৬</td></tr>
<tr><td>৭</td><td>মোঃ আমিনুল ইসলাম, পরিচালক, পারাপার মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭৩১-৮৮৩৭৫৯</td></tr>
<tr><td>৮</td><td>জনাব মোঃ আকলেছুর রহমান, নির্বাহী পরিচালক, "রিলেশন" মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, কথাকলি মার্কেট, (মৌরীভবন), জামালপুর। মোবা- ০১৭২৬-৫৬৬৫৪৬</td><td rowspan="6">জেলা প্রশাসক, জামালপুর।</td></tr>
<tr><td>৯</td><td>জনাব মোঃ মাহমুদুল করিম, নির্বাহী পরিচালক, "সম্ভব" মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুপিবাড়ী (লুইসপাক© সংলগ্ন, বেলটিয়া, জামালপুর। মোবা- ০১৭১২-৪১০৫৪৭।</td></tr>
<tr><td>১০</td><td>জনাব সৈয়দ শাহেদ উদ্দিন আহম্মেদ, চেয়ারম্যান, 'ইচ্ছা' মাদকাসক্তি চিকিৎসা কেন্দ্র, শেখের ভিটা (মির্জা আজম চত্তর), জামালপুর সদর, জামালপুর। মোবাইল- ০১৭২০-২৪৮০৯৬।</td></tr>
<tr><td>১১</td><td>বীর মুক্তিযোদ্ধা আকরাম হোসেন, চেয়ারম্যান, 'আবাবিল' মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, শেরপুর জামালপুর ব্রীজ (সংলগ্ন), ছনকান্দা, জামালপুর সদর, জামালপুর। মোবাইলঃ ০১৭২০-৪৫০৪১০।</td></tr>
<tr><td>১২</td><td>জনাব মোঃ সাইফুল ইসলাম, চেয়ারম্যান, "স্বপ্ন ছোঁয়া" মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, বকশীগঞ্জ, জামালপুর। মোবাইলঃ ০১৮৮১-৬৫০৯৫০</td></tr>
<tr><td>১৩</td><td>জনাব মোঃ সোলায়মান কবির (মানিক), চেয়ারম্যান, 'চেষ্টা' মাদকাসক্তি চিকিৎসা কেন্দ্র, দড়িপাড়া বাইপাস, শেরপুর রোড, জামালপুর সদর, জামালপুর। মোবা-</td></tr>
<tr><td>১৪</td><td>জনাব মোঃ কামাল হোসেন খান, চেয়ারম্যান, তরী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, পুলিশ লাইন্স রোড়, কুরপাড়, নেত্রকোণা। মোবাঃ-০১৭২০-৪৪৯২৫১</td><td rowspan="3">জেলা প্রশাসক, নেত্রকোণা।</td></tr>
<tr><td>১৫</td><td>জনাব এ, কে, এম মাজহারুল ইসলাম (কিরণ), নির্বাহী পরিচালক, পরিবর্তন, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র, ২৩২/০৩, দক্ষিণ কাটলী সদর হাসপাতাল রোড়, নেত্রকোণা। মোবাঃ-০১৭১২-১৪৩৫৩৪</td></tr>
<tr><td>১৬</td><td>জনাব মোঃ মাহবুব আলম, নির্বাহী পরিচালক, স্বপ্ননীড় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খন্দকার ভিলা, ৫৮৬, দক্ষিণ, সাতপাই, সদর, নেত্রকোণা। মোবাঃ-০১৭১৬-৩৭৮৮৭২</td></tr>
<tr><td>১৭</td><td>জনাব মেহের খান অপু, চেয়ারম্যান, সজন, মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্র, চাপাতলী, শেরপুর। মোবাইল নম্বরঃ ০১৭১২-২৫১১৫৭।</td><td rowspan="3">জেলা প্রশাসক, শেরপুর।</td></tr>
<tr><td>১৮</td><td>জনাব মোঃ সাহিদুর রহমান, নিউ নিরোধ মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, গৌরিপুর, শেরপুর। মোবাইল-০১৭১২-২৫১১৫৭</td></tr>
<tr><td>১৯</td><td>জনাব মোঃ রিজুয়ানুল আলম, "সুরক্ষা" মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, উপজেলা পরিষদ সংলগ্ন পূর্ব শেরী, শেরপুর সদর, শেরপুর। মোবাইল নম্বরঃ ০১৭৯৩-৬৫৯৫৩৭</td></tr>
</table></td><td>বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের বিভাগীয় মনিটরিং কমিটি (সকল সদস্য)</td></tr>
</table>

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		২০ জনাব মোঃ মাহমুদুল হাসান, চেয়ারম্যান, **"স্বপ্ন সাথী"** মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খরমপুর, শেরপুর টাউন, শেরপুর। মোবাইলঃ ০১৫১৬-৫৯৬৯৫৯	
		২১ মোঃ মাহাবুল আলম (মানিক), **ঠিকানা,** মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১২-৮৩০৫৬৪।	অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ময়মনসিংহ
		২২ মোছাঃ রুবিয়া খাতুন, পরিচালক, **'রোকিয়া আলো'** মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ওয়াপদা রোড, ৮ নং ওয়ার্ড, ভালুকা, ময়মনসিংহ। মোবাইল নম্বরঃ ০১৭১১-৫১৭০০৯।	
		২৩ পরিচালক, **সিড়ি**, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭৭০-২৭৩৫৯৬	
		২৪ চেয়ারম্যান, **সেতু,** মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র, ৩৪/২, পূর্ব গোহাইল কান্দি। ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১৬-৯২৪৩৫৮।	পুলিশ সুপার, ময়মনসিংহ
		২৫ চেয়ারম্যান, **আলোকিত জীবন**, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, জেল রোড, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭২৭-৯৭৭৩৭০	
		২৬ নির্বাহী পরিচালক, **সাকো,** মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, ২৪১/২, নুরানী মসজিদ রোড, ময়মনসিংহ । মোবাইলঃ ০১৭১১-১৮৮০৮৫।	পরিচালক, স্বাস্থ্য, ময়মনসিংহ বিভাগ
		২৭ জনাব সুলতান আরেফিন বাপ্পী, পরিচালক, **সাকসেস**, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ২৭/বি, মাসকান্দা, নতুন বাজার, পশ্চিম-উত্তর, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১০-৪০৪৩০৯।	
		২৮ মোঃ আমিনুল ইসলাম, পরিচালক, **পারাপার** মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭৩১-৮৮৩৭৫৯	উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ
		২৯ মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী পরিচালক, **স্পর্শ,** মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ৪৩/২, ইটাখলা রোড, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১২-৭৭৪০৬৬, ০১৬৭৩-৩১০৯৫৭	
		৩০ চেয়ারম্যান, **আলোকিত জীবন**, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, জেল রোড, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭২৭-৯৭৭৩৭০	উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, ময়মনসিংহ
		৩১ নির্বাহী পরিচালক, **নীড়**, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, নীড় ২৯০/১৯, মাসকান্দা (উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সংলগ্ন), ঢাকা রোড, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭২৮-০৪২২১৫	
২	সদস্য সচিব জানান, ময়মনসিংহ বিভাগের আওতাধীন ৩১ টি লাইসেন্সভুক্ত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র রয়েছে। উক্ত কেন্দ্রগুলোর লাইসেন্স এর মেয়াদ এক বছর হওয়ায় প্রতি বছর যথাসময়ে নবায়ন কার্যক্রম সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভাকে অবহিত করা হয় ।	বেসরকারি নিরাময় কেন্দ্রগুলোর লাইসেন্স নিয়মিত নবায়নপূর্বক হালনাগাদ রাখতে হবে।	অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ময়মনসিংহ
৩	সভাপতি বলেন, সরকারিভাবে প্রাপ্ত ১০ একর জমিতে পৃথক প্রকল্প গ্রহণ করা যেতে পারে যেখানে মাদকাসক্তরা চিকিৎসাকালীন বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ শেষে চিকিৎসা পরবর্তী সময়ে স্বাবলম্বী হতে পারবে। তাছাড়া উৎপাদনমুখী ক্ষুদ্র হস্তশিল্প তৈরির উদ্যোগও গ্রহণ করা যেতে পারে।	১। যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রশিক্ষণ প্রদান ও উৎপাদনমুখী ক্ষুদ্র হস্তশিল্প তৈরির বিষয় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। পৃথক প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ময়মনসিংহ
৪	জনাব রাশিদা বেগম, প্রতিনিধি, ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ বলেন, অনেক সময় নিরাময় কেন্দ্রগুলোতে মাদক সরবরাহের ঘটনা সংবাদ মাধ্যমে প্রকাশিত হয়। এ বিষয়ে কঠোর মনিটরিং এর ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভাপতি এ বিষয়ে বিভাগীয় ও জেলা মনিটরিং টিমকে কেন্দ্রগুলোকে নিবিড়ভাবে পরিদর্শনের জন্য অনুরোধ করেন ।	ক) টিমের সদস্যগণ কর্তৃক দলগতভাবে কিংবা এককভাবে নিরাময় কেন্দ্রসমূহে পরিদর্শন করতে হবে। খ) কোন অনিয়ম পরিলক্ষিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের বিভাগীয় মনিটরিং কমিটি (সকল সদস্য)
৫	ডা. ইশরাত জাহান, উপপরিচালক, বিভাগীয় স্বাস্থ্য কার্যালয় ময়মনসিংহে মাদকাসক্ত নারীর সংখ্যা প্রতিনিয়ত বৃদ্ধির কারণে নারী মাদকাসক্ত নিরাময় কেন্দ্র স্থাপনের গুরুত্ব সভায় উপস্থাপন করেন। এস.কে হাসপাতালসহ বেশ কিছু স্থানে সন্ধ্যা পরবর্তী মাদকাসক্তদের উপস্থিতি উদ্বেগজনক হারে বৃদ্ধির বিষয়টি সকলকে অবহিত করেন। সদস্য সচিব বলেন, ইতোমধ্যে একটি নারী নিরাময় কেন্দ্রের লাইসেন্স প্রদানের বিষয়ে প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এস.কে হাসপাতালসহ সন্ধ্যার পর শহরে যেসকল স্থানে মাদকের আসর বসে সেখানে মাদক বিরোধী অভিযান পরিচালনা অব্যাহত থাকবে মর্মে তিনি আশাবাদ পোষণ করেন।	ক) নারী নিরাময় কেন্দ্রের লাইসেন্স প্রাপ্তির অনুমোদন পরবর্তী দ্রুততম সময়ের মধ্যে নিরাময় কেন্দ্র চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) এস.কে হাসপাতালসহ শহরের যেসকল স্থানে সন্ধ্যার পর মাদকের আসর বসে, সেসকল স্থানে মাদক বিরোধী অভিযান পরিচালনা ও প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৬	জনাব মতিউর রহমান, প্রতিনিধি, পরিচালক, মাউশি, ময়মনসিংহ বলেন, নাহার রোডসহ বিভিন্ন কোচিং সেন্টারের আশেপাশে মাদক ব্যবসায়ীদের আড্ডা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এ সমস্ত এলাকায় মাদক বিরোধী অভিযানসহ পুলিশী টহলের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হলে সভাপতি গোয়েন্দা নজরদারি বৃদ্ধির পাশাপাশি বর্ণিত এলাকায় মাদক ব্যবসায়ীদের ব্যবসা বন্ধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।	ক) বর্ণিত এলাকায় গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করতে হবে। খ) বর্ণিত এলাকায় মাদকের ব্যবসা বন্ধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ

পরিশেষে, সভাপতি একটি সম্ভাবনাময় প্রজন্ম গড়ে তুলতে মাদকাসক্তি সমস্যা মোকাবেলায় সমাজের সর্বস্তরের জনগণকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার আহবান জানান। অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০৩/২৫

(ফারাহ শাম্মী, এনডিসি)
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ
ও
সভাপতি
বিভাগীয় মনিটরিং কমিটি
ফোন: ০২৯৯৬৬৬১৪৪৪
ই-মেইল: divcommymensingh@mopa.gov.bd

কার্যবিবরণী নম্বর: ৫৮.০২.৪৫০০.০৬০.০৬.০২১.২২.৫৬

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ / ১২ মার্চ ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৪। ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ
৫। পরিচালক (প্রশাসন/অপারেশন্স ও গোয়েন্দা/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬। জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।
৭। পুলিশ সুপার, ময়মনসিংহ
৮। পরিচালক, স্বাস্থ্য বিভাগ, ময়মনসিংহ
৯। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
১০। উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, ময়মনসিংহ
১১। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর
১২। ----------
১৩। অফিস কপি/মাস্টার কপি।

১২/০৩/২০২৫

(মোঃ জাফরুল্যাহ কাজল)
অতিরিক্ত পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ
ও
সদস্য সচিব
বিভাগীয় মনিটরিং কমিটি
ফোন: ০২-৯৯৬৬৭১২৬৪
ইমেইল: dncmymensinghdivision@gmail.com